




## তথ্য অধিকার আইন ও বিধি বিধান বিষয়ক প্রশিক্ষণ



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আয়োজনে কর্মকর্তাদের তথ্য অধিকার আইন ও বিধি বিধান বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক তথ্য কমিশনার ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “সকল জায়গায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রয়োজন। দেশের প্রত্যেকে জনগণ তথ্যের দাবি রাখে। একটা সময়ে তথ্য গোপন করে রাখা হতো। কিন্তু এটা জনগণের অধিকার। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা জনগণের সেই অধিকার নিশ্চিত করেছেন তথ্য অধিকার আইনের মাধ্যমে। এতে কর্মকর্তাদের মধ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা বিকাশ ঘটেছে।”



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষের চেয়ারম্যান জাকারিয়া। উল্লেখ্য অনলাইন ও অফলাইনে দুই শতাধিক কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহন করেন।